

আল-মুলক | Al-Mulk | الْمُلْكُ

আয়াতঃ ৬৭ : ১

আরবি মূল আয়াত:

تَبْرَكَ الَّذِي يَدِهِ الْمُلْكُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١﴾

অনুবাদসমূহ:

বরকতময় তিনি যার হাতে সর্বময় কর্তৃত্ব। আর তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান। — আল-বায়ান

অতি মহান ও শ্রেষ্ঠ তিনি, সর্বময় কর্তৃত্ব ও রাজত্ব যার হাতে; তিনি সব কিছুর উপর ক্ষমতাবান। — তাইসিরুল

মহা মহিমাম্বিত তিনি, সর্বময় কর্তৃত্ব যার করায়ত্ত; তিনি সর্ব বিষয়ে সর্বশক্তিমান – — মুজিবুর রহমান

Blessed is He in whose hand is dominion, and He is over all things competent - — Sahih International

১. বরকতময় তিনি, সর্বময় কর্তৃত্ব(১) যার হাতে; আর তিনি সবকিছুর উপর ক্ষমতাবান।

(১) এখানে রাজত্ব বলে আকাশ ও পৃথিবী এবং দুনিয়া ও আখেরাতের সার্বিক কর্তৃত্ব বোঝানো হয়েছে। [কুরতুবী]

তাকসীরে জাকারিয়া

(১) মহা মহিমাম্বিত তিনি সর্বময় কর্তৃত্ব যার হাতে[১] এবং তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।

[১] تَبْرَكَ শব্দটি تَبَرَّكَ থেকে এসেছে। এর শাব্দিক অর্থ হল বর্ধনশীল ও বেশী হওয়া। কেউ কেউ এর অর্থ করেছেন, সৃষ্টিকুলের গুণাবলীর বহু উর্ধ্বে ও উচ্ছে। تَبَرَّكَ এর স্বীকা (আরবী ব্যাকরণ অনুযায়ী) অনেক ও আধিক্য বুঝাতে ব্যবহার হয়। “সর্বময় কর্তৃত্ব বা রাজত্ব যার হাতে” অর্থাৎ, সব রকমের শক্তি এবং আধিপত্য তাঁরই। তিনি যেভাবে চান বিশ্বজাহান পরিচালনা করেন। তাঁর কাজে কেউ প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে না। তিনি ভিখারীকে বাদশাহ, আর বাদশাহকে ভিখারী, ধনীকে গরীব এবং গরীবকে ধনী বানান। তাঁর কৌশল ও ইচ্ছায় কারো হস্তক্ষেপ চলে না।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5242>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন